
## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:**<br>৫. শতকরা ও ঐকিক নিয়ম<br>৬. অনুপাত, শতকরা ও ঐকিক নিয়ম সংক্রান্ত সমস্যা<br><br>**তৃতীয় অধ্যায়:**<br>১. পূর্ণ সংখ্যা<br>২. পূর্ণ সংখ্যা<br>৩. সংখ্যা রেখায় পূর্ণ সংখ্যার অবস্থান ও তুলনা<br>৪. চিহ্নযুক্ত সংখ্যার যোগ, বিয়োগ<br><br>**চতুর্থ অধ্যায়:**<br>১. বীজ গণিতীয় প্রতীক, চলক, সহগ, সূচকের ব্যবহার | **প্রশ্ন: ০১**<br>একটি ফলের দোকান থেকে ২৫০ টি ফজলি আম কিনে আনা হলো। দুইদিন পর ২৫ টি আম পচে গেল এবং একটি আমের দাম ৩০ টাকা।<br>ক) ২৫ টাকা ৭৫ টাকার শতকরা কত?<br>খ) শতকরা কতটি আম ভাল আছে?<br>গ) একটি আম কত টাকায় বিক্রয় করা হলে মোটের উপর ১০% লাভ হবে?<br><br>**প্রশ্ন: ০২**<br>-15,6,11 তিনটি পূর্ণ সংখ্যা<br>ক) -15 এবং 6; (6+5) এবং 11 এর মধ্যে > বা < বা = চিহ্ন বসাও।<br>খ) -(-15) +(-11) +6 এর মান নির্ণয় কর।<br>গ) সংখ্যা রেখার সাহায্যে -15 ও 6 যোগফল এবং 11 ও 6 এর বিয়োগফল নির্ণয় কর।<br><br>**প্রশ্ন: ০৩**<br>+,−,×,÷ চিহ্নের সাহায্যে লেখ:<br>(ক) x এর সাতগুণ থেকে y এর তিনগুণ বিয়োগ<br>(খ) a ও b এর গুণফল এর সাথে c এর আটগুণ যোগ।<br>(গ) a ও b এর যোগফলকে x থেকে y এর বিয়োগফল দ্বারা ভাগ<br>(ঘ) x কে 9 দ্বারা গুণ করে প্রাপ্ত গুণফলকে 7 দ্বারা গুণ<br>(ঙ) একটি সংখ্যার দ্বিগুণ এর সাথে অপর একটি সংখ্যার তিনগুণ যোগ।<br><br>**প্রশ্ন: ০৪**<br>একটি খাতার দাম a টাকা ও একটি বইয়ের দাম b টাকা এবং কলমের দাম c টাকা হলে,<br>(i) পাঁচটি কলম ও তিনটি খাতার দাম কত?<br>(ii) দশটি বই ও চারটি খাতার দাম কত?<br>(iii)আটটি খাতা, ছয়টি বই এবং নয়টি কলমের দাম কত? | ১. শতকরা ও ঐকিক নিয়ম ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারা।<br><br>২. চিহ্নযুক্ত সংখ্যার যোগ বিয়োগ করতে পারা এবং সংখ্যা রেখার সাহায্যে পূর্ণ সংখ্যার যোগ বিয়োগ করতে পারা।<br><br>৩. বীজ গণিতীয় প্রতীক, চলক, সূচক ব্যবহার করে যোগ বিয়োগ গুণ ভাগ করতে পারা।<br><br>৪. বীজ গণিতীয় প্রতীক, চলক, সূচক ব্যবহার কওে সমস্যা সমাধান করতে পারা। |

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-৩ | **অষ্টম অধ্যায়:** মিশ্রণ<br>পাঠ ১-২: মিশ্রণ ও দ্রবণ<br>পাঠ ৩-৪: দ্রব ও দ্রাবক<br>পাঠ ৫-৭: সম্পৃক্ত দ্রবণ ও অসম্পৃক্ত দ্রবণ<br>পাঠ ১০-১২: লবনাক্ত পানি হতে লবণের স্ফটিক প্রস্তুতকরণ<br><br>**একাদশ অধ্যায়:** বল এবং সরল যন্ত্র<br>পাঠ-৩ : সরল যন্ত্র<br>পাঠ ৪: লিভার<br>পাঠ ৫-৬: লিভারের শ্রেণিবিভাগ<br>পাঠ ৭: হাতুড়ি<br>পাঠ ৮-৯: হেলানো তল ও কপিকল | ১। এন্টিবায়োটিক সিরাপ ঝাঁকিয়ে খেতে হয় কেন? এই মিশ্রণকে কী বলে?<br>২। দুধ কী জাতীয় মিশ্রণ, ব্যাখ্যা কর।<br>৩। নিচের ছকে ছবিগুলো দেখে i) ও ii) নং এর উত্তর দাও:<br><table><tr><td>সরল যন্ত্র</td><td>i) কোন শ্রেণির লিভার, যুক্তি দাও</td><td>ii) কীভাবে যান্ত্রিক সুবিধা বাড়ানো যায়</td></tr><tr><td></td><td></td><td></td></tr><tr><td></td><td></td><td></td></tr></table> | • নির্ভুল তথ্য ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদানের সক্ষমতা<br>• সরল যন্ত্র চিহ্নিত করার সক্ষমতা<br>• সরল যন্ত্র ব্যবহার করে কীভাবে যান্ত্রিক সুবিধা বাড়ানো যায় তার কৌশল<br>• প্রশ্নের অনুধাবন ক্ষমতা<br>• বিষয়বস্তুর গভীরতা<br>• প্রয়োগ ক্ষমতা |

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **পঞ্চম অধ্যায়:**<br>আদর্শ জীবন চরিত | ১। সমাজে ন্যায় বিচার ও সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে আমরা হযরত উমর (রাঃ) এর খিলাফত থেকে কী কী শিক্ষা লাভ করতে পারি? তোমার পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর।<br>২। "প্রজাহিতৈষী হিসেবে একজন মহান শাসকের মূর্ত প্রতীক ছিলেন খলিফা উমর (রাঃ)"-ব্যাখ্যা কর। | ১। বিষয়বস্তুগত জ্ঞান<br>২। নির্ভুল তথ্য ও যুক্তিসঙ্গত ব্যাখ্যা প্রদানের সক্ষমতা<br>৩। নিজস্ব মতামত প্রদানের যোগ্যতা<br>৪। সমস্যা সমাধানের যৌক্তিক বিশ্লেষণের দক্ষতা |

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **ষষ্ঠ অধ্যায়:**<br>ধর্মীয় উপাখ্যানে নৈতিক শিক্ষা | ধর্মীয় নৈতিক শিক্ষামূলক যে কাজটি তুমি চর্চা কর (দেশপ্রেম/ অধ্যাবসায়) তার বর্ণনায় নিচের বিষয়গুলো অন্তর্ভূক্ত করে একটি প্রতিবেদন তৈরি কর।<br>(১) কাজের ধারণা<br>(২) কাজের উদ্দেশ্য<br>(৩) ব্যক্তিগত অভিজ্ঞতা<br>(৪) কাজটি করে তোমার অনুভূতি<br>(৫) কাজের গুরুত্ব | (১) কাজের নাম ও তার ধারণা<br>(২) কাজের উদ্দেশ্যের বর্ণনা<br>(৩) ব্যক্তিগত অভিজ্ঞতা বর্ণনা<br>(৪) অনুভূতির বর্ণনা<br>(৫) কাজের গুরুত্বের বর্ণনা |